গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পানি সরবরাহ-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৫.০২.০০৮.১৮.৬৭২

তারিখ: ২৩ কার্তিক ১৪২৮
০৮ নভেম্বর ২০২১

বিষয়: **নারায়ণগঞ্জ ওয়াসার অন্যান্য অনুদান খাতে বরাদ্দকৃত অর্থ হতে ১ম কিস্তির অর্থ ছাড়করণ।**

স্থানীয় সরকার বিভাগের ০৮ নভেম্বর ২০২১ তারিখে ৪৬.০০.০০০০.০৮৫.০২.০৫.২০১৮-৬৭০ নং সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের বিভাজন অনুযায়ী নারায়ণগঞ্জ ওয়াসার অন্যান্য অনুদান (কোড নং ৩৬৩১১৯৯) বাবদ ঢাকা ওয়াসার অনুকূলে ১ম কিস্তিতে (জুলাই ২০২১ হতে সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত) ৫০,০০,০০০.০০ (পঞ্চাশ লক্ষ) টাকা ছাড়ে সরকারি মঞ্জুরী নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

(১) এ ব্যয় বর্তমান অর্থ বছরের ২০২১-২২ অর্থ বছরের বাজেটের ৩-১৩৭০১-১৩৩০০২১০০-৩৬৩১১৯৯ কোডভুক্ত অন্যান্য অনুদান খাত হতে মেটানো হবে। অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত আর্থিক বিধি-বিধান প্রতিপালন করতে হবে;
(২) অত্র বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিলের মাধ্যমে এ অর্থ ওয়াসার পক্ষে ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক উত্তোলন করবেন;
(৩) বিভাজনকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন। অনুমোদিত বিভাজনের এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না;
(৪) অব্যয়িত অর্থ থাকলে ৩০ জুন ২০২২ এর মধ্যে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিয়ে অর্থ বিভাগকে অবহিত করতে হবে।

৮-১১-২০২১
মোহাম্মদ সাঈদ উর রহমান
উপসচিব

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৫.০২.০০৮.১৮.৬৭২/১

তারিখ: ২৩ কার্তিক ১৪২৮
০৮ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
২) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ঢাকা।
৩) যুগ্মসচিব (পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ।
৪) উপসচিব, বাজেট-১১ শাখা, অর্থ বিভাগ।
৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৬) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (জিওটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮-১১-২০২১
মোহাম্মদ সাঈদ উর রহমান